দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 22 JUN 1988
পৃষ্ঠা ... ৪ কলাম ৪

# বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে সমন্বিত উদ্যোগ চাই : শেখ শহীদ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে বুধবার ঢাকায় শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সম্মেলন কক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত এক উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। খবর তথ্য বিবরণীর।

সভায় শিক্ষামন্ত্রী বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে আমাদেরকে অবশ্যই সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে যাতে স্বল্প সময়ের মধ্যে দেশকে কাংখিত অগ্রগতির দিকে এগিয়ে নিয়ে যাওয়া যায়।

সভায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম এইচ খানের নেতৃত্বে একটি টাস্কফোর্স গঠন করা হয়। এই টাস্কফোর্স প্রেসিডেন্ট এরশাদ ঘোষিত বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে জাতীয় আয়ের ১ দশমিক ১ ভাগ বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে প্রয়োজনীয় কর্ম পরিকল্পনা তৈরী করবে।